অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে অ্যাটর্নি জেনারেল জেমস এবং ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস পুরো নিউ ইয়র্কে WESTERN UNION-এর সেবা বহাল রাখা নিশ্চিত করেছেন

নিউ ইয়র্কবাসীদের জন্য রেমিট্যান্স সেবার অ্যাক্সেস বহাল রাখতে Intermex অধিগ্রহণের পর 3 বছর পর্যন্ত Western Union স্টোরের অবস্থান ধরে রাখবে এবং ফি বৃদ্ধির সীমা নির্ধারণ করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) নিউ ইয়র্ক স্টেটের (New York State) অ্যাটর্নি জেনারেলস অফিসের (Attorney General's Office, OAG) সাথে পার্টনারশিপে The Western Union Company (Western Union)-এর থেকে এই প্রতিশ্রুতি নিশ্চিত করেছে যে তারা International Money Express, Inc. (Intermex) অধিগ্রহণের পর নিউ ইয়র্কের কমিউনিটিগুলিতে তাদের সেবা বজায় রাখবে। Western Union-এর Intermex অধিগ্রহণ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের অনুমোদন পাওয়ার পর, Western Union নিউ ইয়র্কে অতি গুরুত্বপূর্ণ আর্থিক সেবার প্রাপ্যতা এবং ন্যায্য মূল্য নিশ্চিত করবে। Western Union-কে পুরো স্টেটের অবস্থানগুলি ধরে রাখতে হবে, রেমিট্যান্স সেবা প্রদান চালিয়ে যেতে হবে, এবং Intermex অধিগ্রহণের পর 3 বছর পর্যন্ত ফি বৃদ্ধির সীমা নির্ধারণ করতে হবে, যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্কবাসীরা তাদের সেবার নির্ভরযোগ্য অ্যাক্সেস পেতে থাকবেন।

"নিজেদের পরিবারকে সমর্থন করতে তারা যে আর্থিক সেবার উপর নির্ভর করেন তার নির্ভরযোগ্য ও সাশ্রয়ী অ্যাক্সেস প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Western Union এই অধিগ্রহণ করার ব্যাপারে অগ্রসর হওয়ার সময়, আমার প্রশাসন নিশ্চিত করছে যাতে অতি গুরুত্বপূর্ণ রেমিট্যান্স সেবা পুরো স্টেটের কমিউনিটিগুলির জন্য বহাল থাকে এবং একই সাথে ভোক্তাদের অন্যায্য ফি বৃদ্ধি থেকে সুরক্ষিত রাখা যায়। নিউ ইয়র্কবাসীদের জন্য এই গুরুত্বপূর্ণ চুক্তি সম্পাদনে পার্টনারশিপের জন্য আমি অ্যাটর্নি জেনারেল James-কে James (জেমস) ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) বলেন, "নিউ ইয়র্কবাসীরা তাদের পরিবারকে সমর্থন করতে এবং পুরো পৃথিবীর প্রিয়জনদের কাছে অর্থ পাঠাতে Western Union-এর উপর নির্ভর করেন। কর্মজীবী পরিবারগুলির প্রয়োজনীয়

রেমিট্যান্স সেবাগুলি যাতে এই মার্জারের কারণে হুমকির মুখে না পরে তা নিশ্চিত করতে আমরা পদক্ষেপ নিচ্ছি। নিউ ইয়র্কের কমিউনিটিগুলির জন্য Western Union-এর সেবা সাশ্রয়ী ও সহজলভ্য রাখার এই পরিকল্পনা নিশ্চিত করতে কাজ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট Asrow-কে (অ্যাশরো) ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট Kaitlin Asrow (কেইটলিন অ্যাশরো) বলেন, "DFS সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী ও সহজলভ্য আর্থিক সেবার প্রাপ্যতা সুরক্ষিত রাখার উপর গুরুত্ব দিচ্ছে। Intermex অধিগ্রহণের পরেও নিউ ইয়র্কবাসীদের যাতে অতি গুরুত্বপূর্ণ রেমিট্যান্স সেবার একই অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করার মাধ্যমে অ্যাটর্নি জেনারেলস অফিসের সাথে পার্টনারশিপে নিশ্চিত করা এই প্রতিশ্রুতি সেই কাজকে অগ্রসর করছে।"

Western Union একটি বহুজাতিক আর্থিক সেবা কোম্পানি যারা 200টির বেশি দেশ ও অঞ্চলে তাদের ওয়েবসাইট এবং অ্যাপের মাধ্যমে, অথবা নিউ ইয়র্কের প্রায় 3,000টি লাইসেন্সপ্রাপ্ত এজেন্ট অবস্থানের যেকোনো একটি থেকে সরাসরি গ্রাহকদের অর্থ পাঠানোর সুযোগ দেয়। Intermex প্রতি বছর 6,000-এর বেশি নিউ ইয়র্কের ভোক্তাকে সেবা দেয়, যা তাদের অনলাইন অ্যাপ এবং লাইসেন্সপ্রাপ্ত খুচরা অবস্থানগুলির মাধ্যমে 60টির বেশি দেশে অর্থ পাঠানোর সুযোগ দেয়, যার মধ্যে ব্রঙ্কস (Bronx), ব্রুকলিন (Brooklyn), ম্যানহাটন (Manhattan), কুইন্স (Queens), ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টি এবং লং আইল্যান্ডের (Long Island) শাখাগুলি রয়েছে। Intermex লাতিন আমেরিকা (Latin America) এবং ক্যারিবিয়ান (Caribbean) অঞ্চলে রেমিট্যান্স সেবার উপর গুরুত্ব দেয়। Intermex অধিগ্রহণের পর, Western Union ছয়টি দেশে নিউ ইয়র্কের গ্রাহকদের খুচরা রেমিট্যান্সের একটি উল্লেখযোগ্য অংশ নিয়ন্ত্রণ করবে: ইকুয়েডর (Ecuador), গুয়েতেমালা (Guatemala), হন্ডুরাস (Honduras), মেক্সিকো (Mexico), নিকারাগুয়া (Nicaragua) এবং পেরু (Peru)।

DFS এবং অফিস অফ অ্যাটর্নি জেনারেলের সাথে চুক্তির অধীনে, Western Union-কে তিন বছরের জন্য এই ছয়টি দেশে অর্থ পাঠানো নিউ ইয়র্কের ভোক্তাদের জন্য থাকা সেবা কমাতে Intermex অধিগ্রহণকে ব্যবহার করা থেকে নিষিদ্ধ করা হয়েছে। Intermex-এর অবস্থানগুলি খোলা থাকবে এবং Western Union-এর ব্র্যান্ডিংয়ে রূপান্তরিত হবে। বিশেষভাবে, Western Union-কে নিম্নলিখিত পদক্ষেপগুলি নিতে হবে:

- অধিগ্রহণের সময় Intermex-এর অবস্থানগুলি যে জিপ কোডগুলিতে পরিচালিত হচ্ছে, সেই জিপ কোডগুলিতে অন্তত একই সংখ্যক বাস্তব অবস্থান বজায় রাখতে হবে;
- এই অবস্থানগুলির প্রতিটিতে নিউ ইয়র্কের গ্রাহকদের জন্য ইকুয়েডর, গুয়েতেমালা, হন্ডুরাস, মেক্সিকো, নিকারাগুয়া, এবং পেরুতে খুচরা রেমিট্যান্স সেবা দিতে হবে; এবং
- খুচরা সেবার মূল্য বৃদ্ধি শুধু মূল্যস্ফীতির সাথে সামঞ্জস্যপূর্ণ মাত্রায় সীমিত রাখতে হবে।

Western Union এছাড়াও 3 বছর ধরে DFS-এর কাছে রিপোর্ট পেশ করবে, যেখানে থাকবে:

- খুচরা অবস্থানগুলিতে সেবা বন্ধ করার তালিকা এবং সেবা বন্ধ করার কারণ;
- সেবার প্রাপ্যতা ও মূল্য নির্ধারণ সম্পর্কিত গ্রাহকদের সাথে সব কথাবার্তা; এবং
- প্রতিটি অবস্থানে পদ্ধতি ও গন্তব্য দেশের ভিত্তিতে খুচরা ও ডিজিটাল রেমিট্যান্স সেবার সংখ্যা ও পরিমাণ, পাশাপাশি সেই সেবার ফিয়ের তালিকা।

চুক্তির শর্তগুলি মেনে চলা নিশ্চিত করতে অধিগ্রহণের এক বছর পর একটি অডিট পরিচালনার জন্য DFS-এর অনুমোদিত একজন স্বাধীন অডিটরের জন্য Western Union-কে খরচ বহন করতে হবে। এর নিয়ন্ত্রক হিসেবে DFS চুক্তি মেনে চলা সহ Western Union-এর কর্মকাণ্ডের তদারকি করতে থাকবে। Western Union চুক্তির শর্ত লঙ্ঘন করেছে বলে প্রমাণিত হলে OAG শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবে বা চুক্তির শর্তগুলির মেয়াদ বাড়াতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।